

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৬১

৯. পানীয় অধ্যায় (كتاب الأشرية)

পরিচ্ছেদঃ ২১. যিনি এক নিঃশ্বাসে পানি পান করেন, তাঁর সম্পর্কে

بَابِ مَنْ شَرِبَ بِنَفَسٍ وَاحِدٍ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْمُغِيرَةِ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ قَالَ حَدَّثَنِي أَبِي أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِذَا بَالَ أَحَدُكُمْ فَلَا يَمَسَّ ذَكَرَهُ بِيَمِينِهِ وَلَا يَسْتَنْجِي بِيَمِينِهِ وَلَا يَتَنَفَّسْ فِي الْإِنَاءِ

## বাংলা

২১৬১. আবী কাতাদা তাঁর পিতা হতে বর্ণনা করেন, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন: "তোমাদের কেউ যখন পেশাব করে তখন সে যেন ডান হাত দিয়ে তার পুরুষাঙ্গ স্পর্শ না করে এবং ডান হাত দিয়ে ইসতিনজা না করে এবং (পান করার সময়) যেন পাত্রের মধ্যে নিঃশ্বাস না ছাড়ে।"[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, উযু ১৫৩-১৫৪; মুসলিম, ত্বহারাত ২৬৭;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৩২৯ তে। এছাড়াও, ইবনু আবী শাইবা ৮/২১৮ নং ৪২২৪৪।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন আবু কাতাদা (রহ,)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন